গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর

বাংলাদেশ সচিবালয়

ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১০৪/২০১৭

ঢাকা, রোববার ২৮ মে ২০১৭, ১৪ জ্যৈষ্ঠ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ভ্যাট ১৫ শতাংশই থাকছে : অর্থমন্ত্রী

২। জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে আরও ৫০০ শয্যা সংযোজন করা হবে : স্বাস্থ্যমন্ত্রী

৩। অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবিলায় সতর্ক থাকবে আইন-শৃঙ্খলা বাহিনী : স্বরাষ্ট্রমন্ত্রী

৪। সুপ্রিম কোর্ট চত্বর থেকে ভাস্কর্য সরানোয় ইসলাম ধর্মসহ অন্য
সব ধর্মের প্রতি সম্মান জানানো হয়েছে : আইনমন্ত্রী

৫। নতুন প্রজন্ম ঐক্যবদ্ধ হয়ে দেশকে এগিয়ে নেবে : গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী

৬। পবিত্র মাহে রমজানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করবে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

৭। সাভারে জঙ্গিবিরোধী অভিযানে বিস্ফোরক, গ্রেনেড এবং সুইসাইডাল ভেস্ট উদ্ধার

৮। শুরু হলো পবিত্র মাহে রমজান : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শুভেচ্ছা

৯। শিল্পাচার্য জয়নুল আবেদিনের ৪১তম মৃত্যুবার্ষিকী আজ

১০। নিরাপদ মাতৃত্ব দিবস আজ

চলমান পাতা-২

১। ভ্যাট ১৫ শতাংশই থাকছে : অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত স্পষ্ট জানিয়ে দিলেন যে, ভ্যাটের হার ১৫ শতাংশই থাকছে। নতুন মূল্য সংযোজন কর (ভ্যাট) আইনে হার কমবে বলে এতদিন ধরে যে কথা বলে আসছিলেন তা থেকে সরে এলেন তিনি। অর্থমন্ত্রী বলেছেন, ভ্যাটের হার ১৫ শতাংশই থাকছে এবং রেট হবে একটিই। আগামীকাল ২৯ মে সোমবার এ বিষয়ে গণমাধ্যমে বিবৃতি দেবেন বলে জানান তিনি। তবে ভ্যাটের হার আগের মতো অপরিবর্তিত থাকার কথা বললেও ভ্যাট পরিশোধে আরও বেশি লোককে ছাড় দেওয়া হবে বলে জানান তিনি। অর্থমন্ত্রী বলেন, ভ্যাটের লেনদেন সীমা বর্তমানের চেয়ে আরও বাড়ানো হবে। এর ফলে বেশির ভাগ ছোট ব্যবসায়ী ভ্যাটের আওতার বাইরে থাকবেন এবং স্বস্তি পাবেন তারা। গতকাল ২৭ মে সচিবালয়ে তার দপ্তরে একথা জানান অর্থমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৪) **এশিয়ান এজ** (পৃ.১,ক.২)।

২। জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে আরও ৫০০ শয্যা সংযোজন করা হবে : স্বাস্থ্যমন্ত্রী

আগামী বছরের জুনের মধ্যে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে আরও ৫০০ শয্যা সংযোজন করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। বর্তমানে হাসপাতালটিতে ৪১৪টি শয্যা রয়েছে, কিন্তু রোগী ভর্তি থাকে এর প্রায় দ্বিগুণ। এতে শয্যার বাইরে মেঝে এবং করিডোরেও রোগীরা অবস্থান করেন। গতকাল ২৭ মে শনিবার পরিদর্শনে গিয়ে রোগী দুর্ভোগের এ চিত্র স্বাস্থ্যমন্ত্রীর নজরে আসার পর তিনি হাসপাতালটির শয্যা সংখ্যা বাড়ানোর ঘোষণা দেন। একই সঙ্গে বিনামূল্যের শয্যায় ভর্তি দরিদ্র রোগীদের সব ধরনের রক্ত পরীক্ষা বিনা খরচে করার নির্দেশ দেন স্বাস্থ্যমন্ত্রী । সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪)।

৩। অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবিলায় সতর্ক থাকবে আইন-শৃঙ্খলা বাহিনী : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, পবিত্র রমজান মাসে যেকোন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবিলায় সতর্ক থাকবে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসমূহ। সাধারণ জনগণের নিরাপত্তা নিশ্চিত এবং বাংলাদেশকে অপরাধ মুক্ত করতে সরকার সবধরনের ব্যবস্থা নিয়েছে। গতকাল ২৭ মে শনিবার রাজধানীর কারওয়ানবাজার পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৩,ক.৮), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬)।

৪। সুপ্রিম কোর্ট চত্বর থেকে ভাস্কর্য সরানোয় ইসলাম ধর্মসহ অন্য সব ধর্মের প্রতি সম্মান জানানো হয়েছে : আইনমন্ত্রী

সুপ্রিম কোর্ট চত্বর থেকে ভাস্কর্য সরানোয় ইসলাম ধর্মসহ অন্য সব ধর্মের প্রতি সম্মান জানানো হয়েছে বলে মনে করেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, এই মূর্তিটাকে যে আমরা থেমিস বলি, সেইটার আসল রূপ এটা না। কিন্তু সে ক্ষেত্রে এইটা কোনো মূর্তিই ছিল না বলে আমার মনে হয়। এতে ভাবমূর্তি ক্ষুন্ন হয়নি। গতকাল ২৭ মে শনিবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে বিশ্ব তামাকমুক্ত দিবস-২০১৭ উপলক্ষে এক পুরস্কার বিতরণ অনুষ্ঠান শেষে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬)।

৫। নতুন প্রজন্ম ঐক্যবদ্ধ হয়ে দেশকে এগিয়ে নেবে : গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী

চট্টগ্রাম জেলার মেধাবী ও গরীব ৪৬৬ জন শিক্ষার্থীর পাশে দাঁড়াল চট্টগ্রাম জেলা পরিষদ। গতকাল ২৭ মে শনিবার চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট মিলনায়তনের এক অনুষ্ঠানে গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন এসব ছাত্রের হাতে জেলা পরিষদের শিক্ষাবৃত্তির চেক তুলে দেন। চট্টগ্রাম জেলা পরিষদ প্রতি বছর এ শিক্ষা অনুদান প্রদান করে থাকে। অনুষ্ঠানে ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বলেন, স্বাধীনতাবিরোধীরা ষড়যন্ত্রে লিপ্ত। তাদের প্রতিহত করে দেশকে জঙ্গি ও সন্ত্রাসমুক্ত করতে হবে। তিনি বলেন, বাংলাদেশ যখন এগিয়ে যাচ্ছে তখন স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা পরিপন্থী অপশক্তি প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নকে নস্যাৎ করার জন্য অপচেষ্টা চালিয়ে যাচ্ছে।

এই অপচেষ্টাকে রুখে দিয়ে নতুন প্রজন্মকে ঐক্যবদ্ধ হয়ে দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫)।

৬। পবিত্র মাহে রমজানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করবে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

আসন্ন পবিত্র রমজান মাসজুড়ে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখতে ও সেহরি, ইফতারের জন্য তৈরিসহ সকল ভেজাল খাবারের বিরুদ্ধে আটটি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করবে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি)। একইসঙ্গে বিক্রেতার কাছে তালিকার চেয়ে অতিরিক্ত মূল্য রাখলে ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছেন সংস্থাটির মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। গতকাল ২৭ মে শনিবার রাজধানীর হাতিরপুল কাঁচাবাজার পরিদর্শনে এসে মেয়র এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

৭। সাভারে জঙ্গিবিরোধী অভিযানে বিস্ফোরক, গ্রেনেড এবং সুইসাইডাল ভেস্ট উদ্ধার

সাভারের গেন্ডা এলাকায় গত ২৬ মে শুক্রবার রাত থেকে জঙ্গি আস্তানা সন্দেহে ৩টি বাড়িতে অভিযান চালিয়েছে পুলিশের কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট। ৩ দফায় চালানো এ অভিযানে জঙ্গি গ্রেফতার না হলেও একটি বাড়িতে সন্দেহভাজন আস্তানায় বিস্ফোরক, গ্রেনেড এবং সুইসাইডাল ভেস্ট উদ্ধার করা হয়েছে। পরে আস্তানার ভেতরেই বোম ডিস্পোজাল ইউনিট সুইসাইডাল ভেস্টসহ বিস্ফোরক নিষ্ক্রিয় করে। এছাড়া ৭টি গ্রেনেড, ৩টি সুইসাইডাল ভেস্ট উদ্ধার করা হয়। অভিযানকে ঘিরে গেন্ডা এলাকা ও আশপাশে বিপুল পরিমান পুলিশ মোতায়েন ছিলো। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

৮। শুরু হলো পবিত্র মাহে রমজান : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শুভেচ্ছা

শুরু হলো পবিত্র মাহে রমজান। মুসলমানদের কাছে এই মাস অত্যন্ত ফজিলতপূর্ণ। গতকাল ২৭ মে শনিবার এশার নামাজের পর থেকেই শুরু হয়েছে তারাবির জামাত। শেষ রাতে সেহরি খেয়ে ধর্মপ্রাণ মুসলমান নর-নারীরা দিবাভাগে পানাহার-বিরত থেকে সিয়াম পালন শুরু করেছেন। পবিত্র রমজান উপলক্ষে পৃথক বাণী দিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রাষ্ট্রপতি রমজানের পবিত্রতা ও তাৎপর্য অনুধাবন করে ব্যক্তি ও সমাজ জীবনে এর সঠিক প্রতিফলন ঘটানোর আহ্বান জানিয়ে বলেন, আমি আশা করি সবাই রমজানের পবিত্রতা ও তাৎপর্য অনুধাবন করে ব্যক্তি ও সমাজ জীবনে এর সঠিক প্রতিফলন ঘটাবেন এবং শান্তিপূর্ণ সমাজ গঠনে অবদান রাখবেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা জীবনের সর্বস্তরে ধৈর্য ও সংযম প্রদর্শনের মাধ্যমে রমজান মাসের পবিত্রতা রক্ষা করার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **প্রথম আলো** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

৯। শিল্পাচার্য জয়নুল আবেদিনের ৪১তম মৃত্যুবার্ষিকী আজ

আজ ২৮ মে রোববার শিল্পাচার্য জয়নুল আবেদিনের ৪১তম মৃত্যুবার্ষিকী। ১৯৭৬ সালে মৃত্যুবরণ করেন তিনি। নানা আয়োজনের মাধ্যমে তাকে স্মরণ করবে বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠান। কর্মসূচিতে রয়েছে শিল্পীর সমাধিতে শ্রদ্ধা নিবেদন, আলোচনা সভা। তার মৃত্যুবার্ষিকী উপলক্ষে পৃথক পৃথক বাণী দিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮)।

১০। নিরাপদ মাতৃত্ব দিবস আজ

আজ ২৮ মে নিরাপদ মাতৃত্ব দিবস। দিবসটির এবারের প্রতিপাদ্য ‘নিরাপদ প্রসব চাই, স্বাস্থ্যকেন্দ্রে চল

যাই। ১৯৮৭ সালে কেনিয়ার নাইরোবিতে উন্নয়ন-সহযোগীদের বৈঠকে আন্তর্জাতিক অঙ্গনে নিরাপদ মাতৃত্ব বিষয়ে পরিকল্পনা গ্রহণ করা হয়। ১৯৯৭ সালে তৎকালীন সরকার ২৮ মে নিরাপদ মাতৃত্ব দিবস পালনের ঘোষণা দেয়। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। দিবসটি উপলক্ষে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করেছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **প্রথম আলো** (পৃ.১৬,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)।

=৪=

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** পিরোজপুরের নাজিরপুরে এইচএসসির ব্যবহারিক পরীক্ষার নামে ১৫ লাখ টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে এ ধরনের অনিয়মের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরত্বারোপ।

খ. **সংবাদ, জনকণ্ঠ, সমকাল, ইনকিলাব, ফিনানশিয়াল এক্সপ্রেস :** পবিত্র মাহে রমজানকে স্বাগত জানিয়ে আত্মশুদ্ধির এ মাসে সমাজের অশুভ শক্তিকে নৈতিক শক্তি দিয়ে প্রতিহত করার আহ্বান।

গ. **জনকণ্ঠ :** দেশব্যাপী প্রচণ্ড গরমে লোডশেডিং অসহনীয় অবস্থায় চলে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে বিদ্যুৎ পরিস্থিতি স্বাভাবিক করতে যথাযথ ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি সুপারিশ।

ঘ. **যুগান্তর :** জাতীয় ক্যান্সার ইনস্টিটিউট ও হাসপাতালে প্রশাসন ও চিকিৎসকদের চরম দায়িত্বহীনতার ও অবহেলার শিকার হচ্ছেন রোগীরা, এ খবরে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ।

ঙ. **নিউ নেশন :** মহাসড়কে লাইসেন্সবিহীন অদক্ষ চালকদের গাড়ি চালনা দুর্ঘটনার অন্যতম কারণ উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **নিউজ টুডে :** বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, বালু ও তুরাগ এ চার নদীর দখল দূষণ বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে ব্যক্তি করহারের চেয়ে করপোরেট করের হার কম হলে এটি করপোরেট প্রতিষ্ঠান বিকাশে সাহায্য করবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'বাজেটে কৃষি উন্নয়নে ভর্তুকি বৃদ্ধির বিকল্প নেই'** শিরোনামের নিবন্ধে মো. বশিরুল ইসলাম কৃষির উন্নয়ন ঘটলে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন বা নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা